## কাপাসিয়া উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মে/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ ঃ ৩১/০৫/২০২২ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির উপদেষ্টা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় ও উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সদস্যদের গত সভার কার্যবিবরণীর উপর মতামত অথবা সংশোধনী প্রস্তাব থাকলে তা জানানোর জন্য অনুরোধ করেন। সদস্যদের নিকট থেকে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিষয়ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা বিষয়ক | কাপাসিয়া উপজেলায় অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপজেলার সকল ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও জন নিরাপত্তা বিষয়ে আলোচনা হয়। উপস্থিত চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে সভায় জানান। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার করোনা ভাইরাস (কোভিড-১৯) রোধকল্পে ১২ (বার) বছরের উর্ধ্বের সকল নগরিককে টিকা কার্যক্রমের আওতায় আনার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগন মাসিক আইন-শৃঙখলা সভাকরাসহ আইন-শৃঙ্খলা সংক্রান্ত তদারকি করার জন্য অনুরোধ জানান। | ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ নিয়মিত আইন-শৃঙ্খলা সভা করবেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কোভিড-১৯ প্রতিরোধে ১২ বছরের উর্ধ্বের সকল নগরিককে টিকা কার্যক্রমের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর।<br>২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | মাদক নিয়ন্ত্রণ | কাপাসিয়া উপজেলায় অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মাদক নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট চেয়ারম্যান ও সদস্যগণ মূখ্য ভূমিকা পালন করতে পারেন। মাদক নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের ঝুকিপূর্ন এলাকা চিহ্নিতকরণ এবং মাদক বিক্রেতা ও সেবনকারীদের তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। ক্ষুদ্র নৃগোষ্ঠীরা নিজেদের সেবনের জন্য প্রস্তুতকৃত মাদক যেন বাজারজাত করতে না পারে সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা প্রশাসন মাদক নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করে যাবে। জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) মাদক নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান এবং সদস্যগণ সদা তৎপর থাকবেন এবং প্রতিটি ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত।<br>খ) মাদক ব্যবসায়ী ও মাদক সেবনকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২) সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর।<br>৩) অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর।<br>৪) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| ০৩ | সন্ত্রাস ও নাশকতা | সভাপতি কাপাসিয়া উপজেলায় সন্ত্রাস ও নাশকতাসহ সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পর্যাপ্ত সহযোগিতা করার জন্য অফিসার্স ইনচার্জ, কাপাসিয়া থানাকে অনুরোধ জানান। কাপাসিয়া উপজেলায় ০৭ (সাত)টি পুলিশি টহল টিম রয়েছে। সন্ত্রাস, নাশকতা প্রতিরোধে পুলিশি টহল টিমকে আরো সক্রিয় থাকার আহবান জানানো হয়। এছাড়া মনিটরিং ও ব্যবস্থাপনা আরো জোরদার করার জন্য সভায় আলোচনা করা হয়। | সন্ত্রাস, নাশকতা প্রতিরোধে মনিটরিং ও ব্যবস্থাপনা আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর।<br>২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| ০৪ | বাল্য বিবাহ ও যৌতুক নিয়ন্ত্রণ | সভাপতি কাপাসিয়া উপজেলায় করোনাকালীন সময়ে বহু বাল্য বিবাহ সম্পন্ন হয়েছে মর্মে সভায় বিষয়টি উপস্থাপন করেন। বাল্যবিবাহ নিয়ন্ত্রনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ মূখ্য ভূমিকা রাখতে পারেন মর্মে সভায় আলোচনা হয়। রোটারী পাবলিকের মাধ্যমে বাল্যবিবাহ সম্পন্ন হচ্ছে মর্মে জানা যায়। রোটারী পাবলিক এর মাধ্যমে বাল্যবিবাহ বন্ধকরার জন্য গাজীপুর বার এসোসিয়েশনকে বিষয়টি অবগত করার বিষয়ে আলোচনা করা হয়। | বাল্য বিবাহ নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ যথাযথ ব্যবস্থা গ্রহণসহ রোটারী পাবলিক এর মাধ্যমে বাল্যবিবাহ বন্ধকরণ বিষয়ে গাজীপুর বার এসোসিয়েশনকে অবহিতকরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২) সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর।<br>৩) অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর।<br>৪) ইউ.পি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ | কাপাসিয়া উপজেলায় যে সকল বাজার রয়েছে সেগুলোতে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নিয়মিত বাজার মনিটরিং করবেন এবং প্রতিটি দোকানে মূল্য তালিকা টানানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলা মার্কেটিং অফিসার, গাজীপুর ভ্রাম্যমান আদালত পরিচালনার সময় সহযোগিতা করবেন মর্মে আলোচনা হয়। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে নিয়মিতভাবে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর। ২) অফিসার ইনচার্জ কাপাসিয়া থানা, গাজীপুর। ৩) ইউ.পি চেয়ারম্যান (সকল) |
| ০৬ | যানজট ও অবৈধ পার্কিং/ স্থাপনা রোধ | কাপাসিয়া বাজারে মেইনরোডে প্রতিনিয়ত যানজটের সৃষ্টি হয় এবং জনগণ দূর্ভোগের শিকার হয়। কাপাসিয়া বাজারে যানযট নিয়ন্ত্রণে একটি সভা করার বিষয়ে আলোচনা করা হয়। পাবুর-বরুন রাস্তায় ০২ (দুই) জন ভলেন্টিয়র নিয়োজিত করণসহ প্রয়োজনে ট্রাফিক পুলিশ মোতায়নের বিষয়ে আলোচনা করা হয়। কাপাসিয়া বাজারের রাস্তা সরু থাকায় এবং রাস্তার পার্শ্বে ইজিবাইক পার্কিং করায় যানজটের সৃষ্টি হয়। যানজট রোধকল্পে সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০টা পর্যন্ত কাপাসিয়া বাজার রাস্তায় কাভার্ডভ্যান প্রবেশে নিষেধজ্ঞা প্রয়োগ করে গণবিজ্ঞপ্তি জারী করার বিষয়ে সভায় আলোচনা হয়। অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা এ বিষয়ে নিয়মিত তদারকি করবেন। | ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও বাজার ইজারাদার যানজট দূরীকরণে আরো সোচ্চার হবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়। খ) এবিষয়ে গনবিজ্ঞপ্তি জারীসহ অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা নিয়মিত তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর। ২) চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। ৩) বাজার কমিটি, কাপাসিয়া বাজার ব্যবসায়ী সমিতি, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৭ | গ্রাম আদালত কার্যক্রম | কাপাসিয়া উপজেলায় মোট ০৬ (ছয়) টি ইউনিয়নের গ্রাম আদালতের কার্যক্রম চলমান রয়েছে। গ্রাম আদালতের কার্যক্রমের প্রতিবেদন প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া গ্রাম আদালতের বিচার প্রক্রিয়া সুষ্ঠ সুন্দর ভাবে পরিচালনা করতে হবে মর্মে সংশ্লিষ্ট চেয়াম্যানগণকে অবগত করা হয়। | গ্রাম আদালত কার্যক্রমের প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ০৮ | ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যক্রম | সভাপতি ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যক্রম সম্পর্কে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট জানতে চাইলে তারা সবাই নিয়মিত সভা করেন এবং ওয়ার্ড কমিটির সভাও নিয়মিত হয় মর্মে জানান। প্রতিমাসের ২য় মঙ্গলবার ইউনিয়ন পর্যায়ের আইন-শৃঙ্খলা কমিটি এবং মাসের ১ম বৃহস্পতিবার ওয়ার্ড পর্যায়ের আইন-শৃঙ্খলা কমিটির সভার আয়োজন করতে হবে। এছাড়া আইন-শৃঙ্খলা কমিটির মিটিং আবশ্যিক ভাবে করতে হবে। সকল ওয়ার্ড পর্যায়ে কমিটির সভার কার্যক্রম করতে হবে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য নিয়মিত প্রতি মাসের ২য় মঙ্গলবার ইউনিয়ন পর্যায়ে কমিটি এবং মাসের ১ম বৃহস্পতিবার ওয়ার্ড পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ওয়ার্ড সদস্যগণ। |
| ০৯ | বিবিধ | কাপাসিয়া উপজেলার বিভিন্ন স্থানে গরু চুরি, ইজিবাইক চুরি ও মটরসাইকেল চুরি হওয়ার বিষয়ে আলোচনা করা হয়। এসকল চুরি রোধে প্রযুক্তির ব্যবহার আরো বৃদ্ধিসহ বাজারসমূহে প্রয়োজনীয় সংখ্যক সি.সি ক্যামেরা বসানোর বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে স্থানীয় অর্থের পাশাপাশি উপজেলা পরিষদের তহবিল থেকে প্রয়োজনীয় অর্থের যোগান দেওয়ার বিষয়ে আশস্ত করা হয়। রাস্তার পার্শ্বে বাজার বন্ধ করা এবং আমরাইদ বাজারের রস্তার পার্শ্বে ভাড়ায় চালিত মটর সাইকেল পার্কিং বন্ধের বিষয়ে আলোচনা করা হয়। চেয়ারম্যান রায়েদ ইউনিয়ন পরিষদ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। | গরুচুরি রোধ কল্পে স্থানীয় ও পুলিশি টহল জোড়দার করা এবং বাজারসমূহে সি.সি. ক্যামেরা স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ কাপাসিয়া থানা, গাজীপুর। ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

এপ্রিল/২০২২ মাসে উপজেলা সভার কার্যবিবরণীতে ইউনিয়ন/ওয়ার্ড আইন-শৃঙ্খলা কমিটির সভার তথ্য নিম্নরূপ ঃ

| উপজেলার নাম | উপজেলা সভা | ইউনিয়ন সভা | ওয়ার্ড সভা |
|---|---|---|---|
| কাপাসিয়া | ১ টি | ১১টি | ৯৯ |

সন্ত্রাস নাশকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নঃ

| উপজেলার নাম | উপজেলা সভা | ইউনিয়ন সভা | ওয়ার্ড সভা |
|---|---|---|---|
| কাপাসিয়া | ১ টি | ১১টি | ৯৯ |

গ্রাম আদালতঃ (আইন-শৃঙ্খলা কমিটিতে অন্তর্ভূক্ত হবে)

| উপজেলার নাম | গ্রাম আদালতের সংখ্যা | গত মাস থেকে আগত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| কাপাসিয়া | ১১ | ২৭ | ৩২ | ৫৯ | ২৮ | ৩১ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৫/২০২২

এ.কে.এম গোলাম মোর্শেদ খান
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।
ফোন:+৮৮০২৯২০৮৩৬৯
ইমেইল:unokapasia@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩৩৩৬.০০০.২৭.০০১.২০- ৬৬২(৬০)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯
৩১ মে ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
০২। পুলিশ সুপার, গাজীপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর।
০৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
০৫। সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
০৬। অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, কাপাসিয়া, গাজীপুর।
০৭। কমান্ডার, কাপাসিয়া উপজেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।
০৮। জনাব ........................................................................, কাপাসিয়া, গাজীপুর।
০৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর